

স্টেপসের মতবিনিময়
সভায় তথ্য প্রকাশ
কর্মমুখী শিক্ষায়
মেয়ে শিক্ষার্থী
মাত্র ৪ শতাংশ

নিজস্ব প্রতিবেদক ▶

সাধারণ শিক্ষায় ছাত্রীদের সংখ্যা উল্লেখজনক হারে বাড়লেও কর্মমুখী শিক্ষায় ছেলেদের তুলনায় পিছিয়ে রয়েছে তারা। দেশের বিভিন্ন করিগরি ও উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে মাত্র ৪ শতাংশ মেয়ে শিক্ষার্থী পড়াশোনা করছে। ফলে দেশের সামগ্রিক উন্নয়নে নারীদের ব্যাপক অংশগ্রহণ নেই। এ রকম শিক্ষার উপযুক্ত পরিবেশ ও-ব্যবস্থার ক্ষেত্রে নারীদের প্রতি সহযোগিতার মনোভাবের অভাবই দায়ী।

জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স সার্ভিসে আয়োজিত জাতীয় বাজেট ২০১৪-এর সংবেদনশীলতা শীর্ষক গ্রাক-বাজেট মতবিনিময় সভায় বক্তারা এ মত প্রকাশ করেন। স্টেপস টুওয়ার্ডস-ডেভেলপমেন্ট নামে একটি বেসরকারি সংস্থা মতবিনিময় সভার আয়োজন করে।

আয়োজক সংগঠনের নির্বাহী পরিচালক রুগন কর্মকারের সঞ্চালনায় মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহের আফরোজ চমকি। তদ্ব্যবস্থাপক সরকারের সাবেক উপদেষ্টা ও ক্যাম্পেইন কর পপুলার এডুকেশনের নির্বাহী পরিচালক রাশেদা কে জৌধুরী, জাতিসংঘ সিসও কমিটির সাবেক সভাপতি সাপনা খান প্রমুখ।